গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন" প্রকল্প
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd

BANGLADESH HI-TECH PARK AUTHORITY

মুজিব শতবর্ষ 100

স্মারক নং- ৫৬.০২.০০০০.০০৯.১১.০০২.১৭-৬৯২

তারিখঃ ৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২২খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন" শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | মোট সাকুল্য বেতন | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৫ (পাঁচ)টি | টাঃ ১৬,০০০/- থেকে ৩৮৬৪০/- (গ্রেড-১০) | ২৭,১০০/- (সাতাশ হাজার একশত) | ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি (সিজিপিএ ৪.০০ এর স্কেলে ২.২৫ এবং ৫.০০ স্কেলে ২.৮১ এর নিচে) গ্রহণযোগ্য হবে না।<br>খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ)টি | টাঃ ৯,৩০০/- থেকে ২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১৭,০৪৫/- সতেরো হাজার পঁয়তাল্লিশ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে শব্দের গতি যথাক্রমে অন্যূন ২০ ও ২০।<br>গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |

**আবেদনের শর্তাবলীঃ**

১। সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২২ সেপ্টেম্বর, ২০২২ হতে ০৬ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

২। অনলাইনে আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে) ।

৩। ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

৪। পরীক্ষার ফি বাবদ ১নং পদের জন্য ২১২ (দুইশত বারো) টাকা এবং ২নং পদের জন্য ১১২ (একশত বারো) টাকা DBBL, bKash অথবা নগদ Mobile Banking - এর মাধ্যমে অনলাইনে (সংশ্লিষ্ট ওয়েব সাইটের পেমেন্ট অপশনের নির্দেশনা অনুসরণ করতে হবে) প্রদান করতে হবে।

৫। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সঙ্গে আনতে হবে।

৭। সরকারি প্রচলিত বিধি মোতাবেক এই নিয়োগ প্রদান করা হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত কোটাসমূহ অনুসরণ করা হবে (প্রযোজ্যক্ষেত্রে)। প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় সরকার কর্তৃক স্বীকৃত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ প্রদর্শন করতে হবে।

৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদর্শিত সনদপত্র/কাগজপত্র/কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরি প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েবসাইটে জানানো হবে। প্রবেশপত্র https://erecruitment.bcc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রাপ্য হবেন না।

১৩। নিয়োগকৃত কর্মচারীর চাকরি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।

১৪। অত্র বিজ্ঞপ্তি ও নিয়োগ সংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.bhtpa.gov.bd) পাওয়া যাবে।

২১/৯/২০২২

মো: মোস্তফা কামাল
প্রকল্প পরিচালক
ফোনঃ ৫৫০০৬৮৬৪

GA-3577/22 (15x4)